



# এ সময়ের কিছু উল্লেখযোগ্য অ্যাপ

আনোয়ার হোসেন

**ব**র্ষার সময় থায় শেষ।  
ভোরের দিকে কুয়াশার সাথে  
সাথে প্রকৃতির দিকে লক্ষ  
করলে দেখা যায় চারদিকে  
পরিবর্তনের হাওয়া বইছে।  
অ্যাপের দুনিয়াও প্রতিনিয়ত  
আসছে পরিবর্তন। নতুন নতুন  
অ্যাপ যুক্ত হচ্ছে অ্যাপ  
স্টেরগুলোতে। জেনে নেয়ে যাক  
অকৌবর মাসের উল্লেখযোগ্য কিছু  
অ্যাপ সম্পর্কে।

## অ্যালো



‘অ্যালো’  
গুগলের নতুন  
ম্যাসেজিং  
অ্যাপ। এ  
অ্যাপের জন্য  
দরকার শুধু

একটি ফোন ও ফোন নম্বর।  
কোনো ধরনের লগইন বা  
সাইনআপের দরকার নেই। এই  
অ্যাপের বিশেষ ফিচার হচ্ছে গুগল  
অ্যাসিস্ট্যান্ট। অ্যাপটি ফি এবং  
অ্যাড্রিয়িড ও আইওএস ভার্সনে  
ব্যবহারের সুযোগ আছে।

## সিএনএন গো ফর অ্যাড্রিয়িড



সিএনএন  
ভঙ্গদের  
জন্য  
দরকারি  
এই অ্যাপ।  
এর

সাহায্যে শুধু লগইন ছাড়াও  
টিভিতে সিএনএন দেখা যাবে।  
তবে টিভিটি হতে হবে অ্যাড্রিয়িড।  
এর সাহায্যে টুডেস টপ নিউজ,  
সিএনএনের অরিজিনাল সিরিজ,  
ক্যাটাগরি অনুযায়ী নিউজ থেকে  
শুরু করে বিভিন্ন ধরনের শত শত  
ভিডিও ক্লিপ দেখার সুযোগ  
রয়েছে। সবশেষ খবর জেনে  
আপডেট থাকতে অ্যাড্রিয়িড  
টিভিতে সিএনএন গো ব্যবহার  
করতে পারেন।

## ডেক্স ডক

বিভিন্ন অ্যাড্রিয়িড ডিভাইসে  
সাধারণত ডেক্সটপ কম্পিউটারের  
মতো মাউস ব্যবহারের সুযোগ

থাকে না। তবে ডেক্স ডক অ্যাপ  
ব্যবহার করে অ্যাড্রিয়িড  
ডিভাইসগুলোতে কম্পিউটারের



মাউস  
ব্যবহার করা  
যাবে। এর  
জন্য দরকার  
হবে  
ইউএসবি

ক্যাবল। এটির ব্যবহারে অ্যাড্রিয়িড  
ডিভাইসকে মনে  
হবে কম্পিউটারের অতিরিক্ত  
একটি মিটর।

## ডিজিট



এটি একটি  
ফিল্যাস্পিং  
অ্যাপ। এর  
সাহায্যে  
অর্থ সার্ক্যায়  
করা যাবে

খুব সহজে। এটি কিছু দিন পরপর  
আপনার খবরচের হিসাবে খতিয়ে  
দেখবে এবং অ্যাকাউন্ট থেকে কিছু  
ডলার সঞ্চয় করে রাখবে। মজার  
বিষয়— ব্যাপারটি হয়তো  
ব্যবহারকারীদের নজরেও পড়বে  
না। কিন্তু মাস শেষ হলে দেখা  
যাবে আপনার হাতে বেশ কিছু  
ডলার বা টাকা জমা হয়ে আছে।

## গুগল ট্রিপস



বেড়াতে  
যাওয়ার  
সময় যে  
বিষয়গুলো  
মূল সমস্যা,  
সেগুলোর

অন্যতম হলো— যে জায়গায় যাওয়া  
হবে তার সম্পর্কে বিস্তারিত জানা,  
সেখানে থাকা-খাওয়ার ব্যবস্থা  
ইত্যাদি বিষয়ে তথ্যপ্রাপ্তি। গুগল  
ট্রিপস আপনার ভেকেশন বা  
ভ্রমণে এনে দেবে দারুণ  
অভিজ্ঞতা। এই অ্যাপের মাধ্যমে  
জানা যাবে ভ্রমণের বিস্তারিত  
যেমন— হোটেল, ফ্লাইট বা খাবার-  
দাবার সম্পর্কিত তথ্যাদি। একবার  
যদি আপনি ঠিক করে দেন  
কোথায় বেড়াতে যেতে চাচ্ছেন,  
তারপরের সব কাজ এই অ্যাপের।

এটি বেড়ানোর জায়গাতে মজা  
করার সবচেয়ে ভালো জায়গা  
কোনটি, কী কী খাবার খাওয়া  
যেতে পারে এবং সেখানে দেখার  
মতো কোন কোন জায়গা আছে  
সব তথ্য স্বয়ংক্রিয়ভাবে আপনাকে  
জানিয়ে দেবে।

## স্প্রিংথলি



ব্যবসায়  
ব্যবস্থাপনার  
জন্য  
অন্যতম  
দরকারি  
একটি

অ্যাপ এটি। এই অ্যাপের সাহায্যে  
খুব কম সময়ের মধ্যে বানানো  
যাবে ভিডিও, কোলাজ, ফ্লেয়ার,  
ক্যাটালগ, ই-কার্ডসহ অনেক  
কিছু। এই অ্যাপের সাহায্যে  
প্রফেশনাল মানের ডিজাইনের  
কাজ করা যাবে খুব সহজেই। যার  
জন্য কোনো অর্থ খরচ করতে হবে  
না। এটিকে ডিজিটাল  
মার্কেটিং ক্যাম্পেইনের জন্য  
সবচেয়ে ভালো ফটো এডিটর বলা  
হয়।

## সার্কেল সাইড বার



অ্যাড্রিয়িড  
ব্যবহার  
করীদের  
অভিজ্ঞতা  
আরও ভালো  
করার জন্য

এই অ্যাপ। যেকোনো জায়গায় ও  
যেকোনো সময়ে একাধিক কাজ  
করার জন্য প্রয়োজন হবে এই  
অ্যাপের। এটি দ্রুতগতির এবং এর  
ব্যবহারকারীরা এই অ্যাপের  
কার্যক্রমকে কাস্টমাইজ করে  
নিতে পারবেন।

## সিনেমাটিক



এই অ্যাপটি  
সিনেমা পাগলদের  
জন্য। এর  
সাহায্যে দ্রুত  
লেটেস্ট মুভি,  
অভিনেতা এবং  
শো সম্পর্কে জানা যাবে। এর  
বাইরে আইএমডি ও রেটেন

টমেটোসের মুভি রেটিং এবং  
রিভিউ পাওয়া যাবে আপনার স্মার্ট  
ফোনেই।


## পেপার স্প্ট



আপনি কোথায়  
অবস্থান করছেন  
এর ওপর ভিত্তি  
করে স্মার্ট  
ফোনের ওয়াল  
পেপার পরিবর্তন

হলে কেমন হয়? পেপার স্প্ট ঠিক  
তেমন একটি ওয়াল পেপার অ্যাপ।  
এর সাহায্যে বাসা, অফিস বা ভিন্ন  
ভিন্ন জায়গার জন্য আলাদা ওয়াল  
পেপার ঠিক করে দিতে পারবেন।  
আপনি যখন বাসায় অবস্থান  
করবেন, তখন বাসার জন্য ঠিক  
করা ওয়াল পেপারটি স্মার্ট ফোনের  
স্ক্রিনে থাকবে। আবার আপনি  
অফিস চলে এলে অফিসের জন্য  
ঠিক করে রাখা ওয়াল পেপারটি  
স্ক্রিনে দেখা যাবে। অ্যাপটিতে  
লোকেশন ম্যাপ ঠিক করে  
এলাকার সাইজ নির্দিষ্ট করে দিতে  
হয়। লোকেশন পরিবর্তনের সাথে  
সাথে ঠিক করা ওয়াল পেপার  
স্ক্রিনে চলে আসে।

## মেজেস অ্যাস্ট মোর



এই অ্যাপটি  
হচ্ছে ধাঁধা  
নিয়ে একটি  
গেম। ধাঁধা  
পছন্দ করলে  
আপনার জন্য

এটি হচ্ছে দারুণ একটি গেম। শুধু  
আঙ্গুলের সাহায্যে গেমটি খেলা  
যাবে। আপনি কোন দিকে  
যাচ্ছেন, সে অনুযায়ী লাইন টানা  
হবে এবং সামনে ধাঁধা এলে থেমে  
যাবে স্বয়ংক্রিয়ভাবে। ধাঁধার বাইরে  
খেলার জন্য চারটি ভিন্ন মোড  
আছে।

কারংকাজ বিভাগে লিখুন  
কারংকাজ বিভাগের জন্য  
প্রোগ্রাম ও সফটওয়্যার  
টিপস বা টুকিটাকি লিখে  
পাঠান। লেখা এক  
কলামের মধ্যে হলে ভালো  
হয়। সফট কপিসহ  
প্রোগ্রামের সোর্স কোডের  
হার্ড কপি প্রতি মাসের ২০  
তারিখের মধ্যে পাঠাতে  
হবে।